গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন**
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর-৮০.০০.০০০০.২০০.৬৪.০২৮.২১-**৩২১**

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৮ / ৩০ নভেম্বর ২০২১

# বিজ্ঞপ্তি

গত ০৯.০৯.২০২১ তারিখের ৮০.০০.০০০০.২০০.০৬৪.১৩.২১-২৫৬ নম্বর প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশিত ফলাফলে ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে বি.সি.এস. (স্বাস্থ্য) ক্যাডারের 'সহকারী সার্জন' পদে সুপারিশপ্রাপ্ত নন এমন ১,৯১৯ জন প্রার্থীর মধ্যে যারা নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ এবং সংশোধিত বিধিমালা-২০১৪ অনুযায়ী এম.বি.বি.এস. যোগ্যতাসম্পন্ন প্রথম শ্রেণির [গ্রেড-৯] নন-ক্যাডার পদে চাকরিতে আগ্রহী তাদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা হচ্ছে।

২. আগামী **০৪.১২.২০২১** তারিখ শনিবার রাত ১২:০০ টা থেকে **১৬.১২.২০২১** তারিখ বুধবার রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত নিম্নের **৪, ৫, ৬ এবং ৭** নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে এম.বি.বি.এস. যোগ্যতাসম্পন্ন নন ক্যাডার পদের জন্য নির্ধারিত application form অনলাইনে পূরণ করে জমা দিতে হবে। উল্লেখ্য, আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ **১৬.১২.২০২১** তারিখের মধ্যে অনলাইনে আবেদনপত্র পূরণ করে জমা না দিলে নন-ক্যাডার পদের জন্য সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

৩. এম.বি.বি.এস. যোগ্যতাসম্পন্ন প্রথম শ্রেণির [গ্রেড-৯] নন-ক্যাডার পদের জন্য কমিশন কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ এবং সংশোধিত বিধিমালা-২০১৪ অনুসরণে সংরক্ষিত মেধা তালিকা হতে সংশ্লিষ্ট পদের জন্য প্রযোজ্য নিয়োগ বিধিতে উল্লিখিত এম.বি.বি.এস. শিক্ষাগত যোগ্যতা এবং বিদ্যমান বিধি বিধান অনুযায়ী সরকারের নিকট হতে প্রাপ্ত প্রথম শ্রেণির [গ্রেড-৯] নন-ক্যাডার শূন্য পদে কমিশন কর্তৃক নির্ধারিত তারিখ পর্যন্ত সুপারিশ প্রদান করা হবে।

৪. **৪২তম বি.সি.এস. (বিশেষ) এ নন-ক্যাডার পদের জন্য কৃতকার্য প্রার্থীদের নন-ক্যাডার পদের আবেদনপত্র অনলাইনে জমাদান পদ্ধতি:**

৪.১ Teletalk Bd Ltd এর ওয়েবসাইট bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের web address : www.bpsc.gov.bd-এ প্রবেশ করলে ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষার প্রার্থীদের জন্য নির্ধারিত Non-cadre application form for 42th B.C.S. (Special) এর link-পাওয়া যাবে। উক্ত link-এ click করলে Non-cadre form দৃশ্যমান হবে। তৎসাথে Non-cadre application form-এ USER ID এবং PASSWORD এর দু'টি fieldও দৃশ্যমান হবে। Non-cadre application form-এর প্রথমেই নন-ক্যাডার প্রথম শ্রেণির পদে কর্মরত প্রার্থীদের জন্য প্রয়োজনীয় field পাওয়া যাবে।

৪.২ কোনো প্রার্থী সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/স্থানীয় সরকার সংস্থায় প্রথম শ্রেণি [গ্রেড-৯] পদে ইতোমধ্যে নিয়োগ প্রাপ্ত হয়ে থাকলে তাকে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করে নন-ক্যাডার আবেদনপত্রের সার্ভিস সংক্রান্ত field সমূহে প্রয়োজনীয় তথ্য টাইপ করে পূরণ করতে হবে।

৪.৩ কোনো প্রার্থী সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/স্থানীয় সরকার সংস্থায় এম.বি.বি.এস. ডিগ্রি সম্পন্ন নন-ক্যাডার প্রথম শ্রেণির পদে নিয়োগপ্রাপ্ত হয়ে থাকলে তাকে Non-cadre application form for 42th B.C.S. (Special) এর check box-এ click করে সংশ্লিষ্ট field-এর তথ্য পূরণ করতে হবে। যেমন- Name of the post-ঘরে নিয়োগকৃত পদের নাম, Ministry/Depertment-এর ঘরে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের নাম, Job Grade-এর ঘরে জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী বেতন গ্রেড, Joining Date-এর ঘরে নিয়োগপ্রাপ্ত পদে যোগদানের তারিখ টাইপ করে পূরণ করতে হবে। তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থী ইত:পূর্বে এম.বি.বি.এস. যোগ্যতাসম্পন্ন প্রথম শ্রেণির সরকারি কোনো পদে সুপারিশকারী কর্তৃপক্ষ কর্তৃক সুপারিশপ্রাপ্ত হয়ে নিয়োগের জন্য অপেক্ষমান থাকলে বা নিয়োগপ্রাপ্ত হয়ে থাকলে তিনি পুনরায় এম.বি.বি.এস. যোগ্যতাসম্পন্ন প্রথম শ্রেণির (সমগ্রেডের) সরকারী পদে আবেদনের/মনোনয়নের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৪.৪ কোনো প্রার্থী **৩৬, ৩৭ অথবা ৩৮তম** বি.সি.এস. পরীক্ষায় নন-ক্যাডার ১ম শ্রেণির মেডিকেল সার্ভিসের কোনো পদে সুপারিশপ্রাপ্ত হলে তিনি Name of BCS এর ঘরে ক্লিক করে সংশ্লিষ্ট BCS select করবেন এবং Reg. No-এর ঘরে যে BCS-এ সুপারিশ পেয়েছেন সেই BCS-এর নন-ক্যাডার পদের রেজিস্ট্রেশন নম্বর নির্ভুলভাবে টাইপ করবেন।

৪.৫ কম্পিউটার এপ্লিকেশন, প্রোগ্রামিং, ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় প্রশিক্ষণ থাকলে computer skill-এর ঘরে তা নির্দিষ্টভাবে টাইপ করে পূরণ করতে হবে।

৪.৬ চাকরির পূর্ব অভিজ্ঞতা থাকলে experience এর field-এ অভিজ্ঞতার বিবরণ type করে পূরণ করতে হবে।

৪.৭ কোনো প্রার্থী aptitude test-এ কৃতকার্য হয়ে সনদ প্রাপ্ত হয়ে থাকলে aptitude test-এর field-এ type করে পূরণ করতে হবে।

৪.৮ প্রার্থী চাকরিপ্রাপ্ত না হলে Non-cadre application form for 42th B.C.S. (Special) এর check box-এ click করার প্রয়োজন নেই। সেক্ষেত্রে Name of the post, Ministry/Depertment, Job Grade, Joining Date, Name of BCS Reg. No. এবং Experience ইত্যাদি field disable থাকবে।

৪.৯ তথ্য গোপন করলে বা মিথ্যা তথ্য প্রদান করলে প্রার্থিতা বাতিল হবে।

৫. **Choice-এর ঘরে select field-এর উপর click করলে নন-ক্যাডার আবেদনপত্রের নিম্নোক্ত বাটন দৃশ্যমান হবে:**

a. Non-cadre 1st class post

প্রার্থী নন-ক্যাডার প্রথম শ্রেণির [গ্রেড-৯] পদে নিয়োগ লাভে আগ্রহী হলে Non-cadre 1st class post পদের রেডিও বাটন select করে ক্লিক করলে তিনি নন-ক্যাডার প্রথম শ্রেণির [গ্রেড-৯ম] পদের আবেদনকারী প্রার্থী হিসেবে গণ্য হবেন।

৬. USER ID এবং PASSWORD-এর field-এ ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর অনলাইন ফরম (BPSC Form-1) জমাদানের সময় প্রাপ্ত প্রার্থীর USER ID এবং PASSWORD উক্ত field দু'টিতে type করে submit বাটন-এ click করলে আবেদনপত্র পূরণ সম্পন্ন হবে।

৭. প্রার্থী কর্তৃক ৪২তম বি.সি.এস. (বিশেষ) এর অনলাইন ফরম (BPSC Form-1)-এ প্রদত্ত রেকর্ড ও ছবিসহ অন্যান্য তথ্য স্বয়ংক্রিয়ভাবে নন-ক্যাডার পদের আবেদনপত্রের সাথে অন্তর্ভুক্ত হয়ে দৃশ্যমান হবে।

৮. অনলাইন আবেদনপত্রটি [Non Cadre Application for 42 BCS (Special)] প্রার্থীকে প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

৯. কোনো প্রার্থী আবেদনপত্রে জ্ঞাতসারে কোনো ভুল বা মিথ্যা তথ্য প্রদান করলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করলে বা টেম্পারিং করলে বা কোনো জাল সার্টিফিকেট দাখিল করলে বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোনো অংশ বা প্রবেশপত্র টেম্পারিং বা পরিবর্তন করলে বা প্রতারণার আশ্রয় নিলে তাকে উক্ত পরীক্ষাসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা যাবে। ক্ষেত্রবিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং উক্ত প্রার্থীকে সার্ভিসে নিয়োগের পর এইরূপ কোনো তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১০. Helpline: অতিরিক্ত এবং সর্বশেষ নির্দেশাবলি ও তথ্য পাওয়ার জন্য সরকারী কর্ম কমিশনের **www.bpsc.gov.bd** ওয়েবসাইট -নিয়মিতভাবে visit করতে হবে। অনলাইনে আবেদনপত্র ফরম পূরণে কারিগরি সহায়তার জন্য টেলিটক বাংলাদেশ লি: এর ০১৫৫৫৫৫৫১৫০/০১৫৫৫৫৫৫১৫১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

**[শেষ তারিখের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে সতর্কতার সাথে নিজে অনলাইনে আবেদনপত্র ফরম পূরণ করুন এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জমাদান সম্পন্ন করুন]**

৩০/১১/২০২১

**নূর আহ্‌মদ**
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
যুগ্মসচিব